রেজিস্ট্রার দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর।

স্মারক নং- ০১(৯০১)জাতীঃবিঃ/প্রশাঃ/২০১১/১/ ৪৩৫

তারিখ: ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

# শিক্ষকদের পদ উন্নীতকরণ (Upgradation) বিজ্ঞপ্তি (সংশোধিত)

জাতীয় বিশ্ববিদ্যালয়ে কর্মরত নিম্নবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষকদের আপগ্রেডেশন নীতিমালা ২০০৬ অনুসরণপূর্বক পদ উন্নীতকরণ (Upgradation /স্ব-পদ নিয়ে পদোন্নয়ন)-এর মাধ্যমে নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের জন্য দরখাস্ত আহবান করা যাইতেছে:

| ক্রমিক নং | পদ ও বিষয়ের নাম | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১ | **অধ্যাপক**<br>(বাংলা, ইংরেজি, আরবি, ইসলামিক স্টাডিজ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, অর্থনীতি, পদার্থ বিজ্ঞান, গণিত, পরিসংখ্যান, প্রাণি বিজ্ঞান, উদ্ভিদ বিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, হিসাববিজ্ঞান, মার্কেটিং ব্যবস্থাপনা)<br><br>**বেতন স্কেল :** ৫৬৫০০-৭৪৪০০ (গ্রেড-৩) | সংশ্লিষ্ট সহযোগী অধ্যাপকের স্বপদে জাতীয় বিশ্ববিদ্যালয়ে চাকুরী স্থায়ী হইতে হইবে। এছাড়াও<br>(১) জাতীয় বিশ্ববিদ্যালয়ে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত স্নাতক পর্যায়ের প্রতিষ্ঠানে বা অন্য বিশ্ববিদ্যালয়ে শিক্ষক হিসেবে ন্যূনতম ২২ (বাইশ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা, যাহার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৬ (ছয়) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। অথবা<br>(২) এম.ফিল অথবা সমমানের ডিগ্রিধারীদের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত স্নাতক পর্যায়ের প্রতিষ্ঠানে বা অন্য বিশ্ববিদ্যালয়ে শিক্ষক হিসেবে ন্যূনতম ১৮ (আঠার) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা, যাহার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। অথবা<br>(৩) পিএইচ.ডি অথবা সমমানের ডিগ্রিধারীদের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত স্নাতক পর্যায়ের প্রতিষ্ঠানে বা অন্য বিশ্ববিদ্যালয়ে শিক্ষক হিসেবে ন্যূনতম ১৪ (চৌদ্দ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা, যাহার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৪ (চার) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>সকল ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসেবে কর্মরত থাকা অবস্থায় স্বীকৃত জার্নালে ০৫ (পাঁচ) টি গবেষণা প্রকাশনা বা পুস্তকাকারে স্বীকৃতমানের প্রকাশনা থাকিতে হইবে। |
| ২ | **সহযোগী অধ্যাপক**<br>(সংস্কৃত, রসায়ন, প্রাণি বিজ্ঞান, গণিত)<br><br>**বেতন স্কেল :** ৫০০০০-৭১২০০ (গ্রেড-৪) | সংশ্লিষ্ট সহকারী অধ্যাপকের স্বপদে জাতীয় বিশ্ববিদ্যালয়ে চাকুরী স্থায়ী হইতে হইবে। এছাড়াও<br>(১) জাতীয় বিশ্ববিদ্যালয়ে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত স্নাতক পর্যায়ের প্রতিষ্ঠানে বা অন্য বিশ্ববিদ্যালয়ে শিক্ষক হিসেবে ন্যূনতম ১২ (বার) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা, যাহার মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। অথবা<br>(২) এম.ফিল অথবা সমমানের ডিগ্রিধারীদের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত স্নাতক পর্যায়ের প্রতিষ্ঠানে বা অন্য বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম ১০ (দশ) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা, যাহার মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৪ (চার) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। অথবা,<br>(৩) পিএইচ.ডি অথবা সমমানের ডিগ্রিধারীদের ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত স্নাতক পর্যায়ের প্রতিষ্ঠানে বা অন্য বিশ্ববিদ্যালয়ে শিক্ষক হিসেবে ন্যূনতম ০৮ (আট) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা, যাহার মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে কমপক্ষে ০৪ (চার) বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br><br>সকল ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে কর্মরত থাকা অবস্থায় স্বীকৃত জার্নালে ০৩ (তিন)টি গবেষণা প্রকাশনা বা পুস্তকাকারে স্বীকৃতমানের প্রকাশনা থাকিতে হইবে। |
| ৩ | **সহকারী অধ্যাপক**<br>(ইসলামিক স্টাডিজ)<br><br>**বেতন স্কেল :** ৩৫৫০০-৬৭০১০ (গ্রেড-৬) | সংশ্লিষ্ট প্রভাষকের স্বপদে জাতীয় বিশ্ববিদ্যালয়ে চাকুরী স্থায়ী হইতে হইবে। এছাড়াও জাতীয় বিশ্ববিদ্যালয়ে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত স্নাতক পর্যায়ের প্রতিষ্ঠানে বা অন্য বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে কমপক্ষে ০৪ (চার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে। এম.ফিল ডিগ্রিধারীদের ক্ষেত্রে ০১ (এক) বছরের অভিজ্ঞতা শিথিলযোগ্য। পিএইচ.ডি অথবা সমমানের ডিগ্রিধারীদের ক্ষেত্রে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা শিথিলযোগ্য। |

| ক্রমিক নং | পদ ও বিষয়ের নাম | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| | | প্রভাষক পদে কর্মরত থাকা অবস্থায় সকল ক্ষেত্রে স্বীকৃত জার্নালে কমপক্ষে ০২ (দুই)টি গবেষণা প্রকাশনা বা পুস্তকাকারে স্বীকৃতমানের প্রকাশনা থাকিতে হইবে। |

উল্লিখিত শর্ত অনুযায়ী যে সকল শিক্ষক পরবর্তী উচ্চতর পদে উন্নীতকরণ (Upgradation/স্ব-পদ নিয়ে পদোন্নয়ন)-এর যোগ্যতা অর্জন করিয়াছেন তাহাদেরকে jobs.nu.ac.bd এ Online Application Form পূরণ এবং সকল পরীক্ষা পাশের সনদপত্র, নম্বরপত্র এবং প্রশংসাপত্রের সত্যায়িত কপি, প্রকাশনার কপিসহ আবেদনপত্রে উল্লিখিত সকল অভিজ্ঞতার সনদ, বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত সনদপত্রের সমতা নিরূপণ সনদ-এর কপি Form-এর নির্ধারিত অংশে Upload পূর্বক আগামী ৩১/০১/২০২৬ তারিখের মধ্যে আবেদন করিতে হইবে। Online Application Form-এর প্রিন্ট কপিসহ সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল পরীক্ষা পাশের সনদপত্র, নম্বরপত্র এবং প্রশংসাপত্রের সত্যায়িত কপি, প্রকাশনার কপিসহ আবেদনপত্রে উল্লিখিত সকল অভিজ্ঞতার সনদ, বিদেশী বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত সনদপত্রের সমতা নিরূপণ সনদ-এর সত্যায়িত কপি ০৯ (নয়) সেট দপ্তর প্রধানের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট আগামী ৩১/০১/২০২৬ তারিখের মধ্যে জমা দিতে হইবে।

ভাইস-চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

05.01.26

(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার

তারিখ: ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ / ০৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

স্মারক নং- ০১(৯০১)জাতীঃবিঃ/প্রশাঃ/২০১১/১/ ৪৩৫০

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হইল:**

১. সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. সকল দপ্তর প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক, ভাইস-চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় [বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ ও আবেদনগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে]
৫. অতিরিক্ত রেজিস্ট্রার, ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. নোটিশ বোর্ড
৯. অফিস কপি।

(মুহম্মদ মহিবুল হাসান)
অতিরিক্ত রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
প্রশাসন (সংস্থাপন-কর্মকর্তা) শাখা